রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, মে ১০, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ /২৬ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও নং-১০৭-আইন/২০২০**।—ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ (২০১৮ সনের ১০ নং আইন) এর ধারা ১১ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **বিধিমালার নাম, প্রবর্তন ও প্রয়োগ**।—(১) এই বিধিমালা ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ) বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা আইন দ্বারা প্রতিষ্ঠিত কোন কর্তৃপক্ষ বা সংস্থা-র অধিক্ষেত্র ব্যতীত বিনিয়োগ সংশ্লিষ্ট সকল সেবা প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে এই, বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ (২০১৮ সনের ১০ নং আইন);

(খ) **"আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র"** অর্থ বিধি ৪ এর অধীন গঠিত আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র;

(গ) **"আবেদনকারী"** অর্থ কোন সেবার জন্য আবেদনকারী কোন ব্যক্তি;


**মূল্য :** টাকা ১৬.০০

(ঘ) **"আবেদনপত্র"** অর্থ কোন সেবার জন্য কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা আঞ্চলিক ওয়ান স্টপ কেন্দ্র বরাবর বিধি ৮ এর অধীন দাখিলকৃত কোন আবেদনপত্র;

(ঙ) **"ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল"** অর্থ বিধি ৬ এর অধীন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক স্থাপিত ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল;

(চ) **"কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ"** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কেন্দ্রীয় ওয়াপন স্টপ সার্ভিস কর্তৃপক্ষ;

(ছ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(জ) **"নির্ধারিত সময়"** অর্থ তফসিলের কলাম (২) এ উল্লিখিত সেবার বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত সময়;

(ঝ) **"নির্বাহী চেয়ারম্যান"** অর্থ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ নির্বাহী পরিষদের নির্বাহী চেয়ারম্যান;

(ঞ) **"ফোকাল পয়েন্ট"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত ফোকাল পয়েন্ট;

(ট) **"বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ"** অর্থ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬ (২০১৬ সনের ৩৬ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ;

(ঠ) **"ব্যক্তি"** অর্থ যেকোনে ব্যক্তি এবং কোন প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারি কারবার, ফার্ম বা অন্য কোন সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ড) **"সেবা"** অর্থ তফসিলের কলাম (২) এ উল্লিখিত কোন সেবা;

(ঢ) **"সেবা প্রদানকারী সংস্থা"** অর্থ তফসিলের কলাম (২) এ উল্লিখিত সেবার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত সেবা প্রদানকারী সংস্থা; এবং

(ণ) **"স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর"** অর্থ বিধি ৩ এর উপ-বিধি (২) (ক) এর অধীন কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হয়েছে সে অর্থে প্রযোজ্য হইবে।

৩। **কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ গঠন ও উহার কার্যাবলি**।—(১) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) নির্বাহী চেয়ারম্যান, যিনি ইহার প্রধান নির্বাহীও হইবেন;

(খ) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার নির্বাহী পরিষদের একজন সদস্য;

(গ) প্রত্যেক সেবা প্রদানকারী সংস্থা কর্তৃক মনোনীত উহার ফোকাল পয়েন্ট; এবং

(ঘ) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের পরিচালক (ওয়ান স্টপ সার্ভিস), যিনি ইহার সদস্য সচিবও হইবে।

(২) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করিবে, যথা :—

(ক) ওয়ান স্টপ সার্ভিস পদ্ধতিতে সেবা প্রদানের জন্য স্টান্ডার্ড অপারেটিং প্রসিডিউর প্রণয়ন;

(খ) আবেদনকারীকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান;

(গ) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র ও ফোকাল পয়েন্টকে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান;

(ঘ) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের কার্যাবলি নির্ধারণ, নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;

(ঙ) আবেদন পত্রসমূহের অগ্রগতি পর্যবেক্ষণ এবং অনিষ্পন্ন আবেদনপত্র, যদি থাকে, দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(চ) নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ছ) ওয়ান স্টপ সার্ভিস পরিবীক্ষণ সেল গঠন এবং উহার দয়িত্ব ও কার্যাবলি নির্ধারণ; এবং

(জ) উপরি-বর্ণিত কার্যাদি সম্পাদনের সহিত সংশ্লিষ্ট প্রয়োজনীয় অন্যান্য কার্য।

৪। **আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র গঠন ও উহার কার্যাবলি**।—(১) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয় ব্যতীত অন্য স্থানে ওয়ান স্টপ সার্ভিস প্রদানের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র গঠিত হইবে, যথা :—

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের বিভাগীয় কার্যালয়ের প্রধান বা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কোন কর্মকর্তা, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(খ) সেবা প্রদানকারী সংস্থা কর্তৃক মনোনীত উহার ফোকাল পয়েন্ট; এবং

(গ) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক/ সহকারী পরিচালক বা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কোন কর্মকর্তা, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করিবে, যথা :—

(ক) স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর অনুসরণপূর্বক সেবা প্রদান এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পরামর্শ ও নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা;

(খ) আবেদনকারীকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান;

(গ) নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদানের লক্ষ্যে ফোকাল পয়েন্টকে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান;

(ঘ) আবেদনপত্রসমূহের অগ্রগতি পর্যবেক্ষণ এবং অনিষ্পন্ন আবেদনপত্র, যদি থাকে, দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং

(ঙ) নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(৩) আঞ্চলিক ওয়ান স্টপ সর্ভিস কেন্দ্র গঠিত না হওয়া পর্যন্ত বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কতৃপক্ষ উক্ত সেবা প্রদান বিষয়ক যাবতীয় দায়িত্ব পালন করিবে।

৫। **ফোকাল পয়েন্ট নির্ধারণ, ক্ষমতা ও কার্যাবলি**।—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা ফোকাল পয়েন্ট নির্ধারণ করিবে।

(২) ফোকাল পয়েন্ট কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র হইতে বা সরাসরি আবেদনকারীর নিকট হইতে প্রাপ্ত আবেদনপত্র নির্ধারিত সময় ও স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর অনুযায়ী নিষ্পত্তি করিবেন।

(৩) ফোকল পয়েন্ট আবেদনকারীর স্ব-প্রত্যয়নের ভিত্তিতে, তথ্য বা দলিলের আংশিক অসম্পূর্ণতা থাকা সত্ত্বেও, কোন আবেদন বিবেচনাক্রমে সেবা প্রদান কার্যক্রম শুরু করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, কেবল নিম্নরূপ ক্ষেত্রে স্ব-প্রত্যয়নের ভিত্তিতে সেবা প্রদান কার্যক্রম শুরু করা যাইবে; যথা :—

(ক) আবেদনকারীর নিয়ন্ত্রণ বহির্ভূত বা কোন বিশেষ অবস্থাধীনে আবেদনপত্রের সহিত কোন তথ্য বা দলিল দাখিল করা সম্ভব না হইলে; এবং

(খ) স্ব-প্রত্যয়নের ভিত্তিতে প্রতিশ্রুত তথ্য বা দলিল প্রাপ্তির পর আবেদন নিষ্পত্তি করিতে তফসিলে নির্ধারিত সময়ের ব্যত্যয় ঘটিবে না।

(৪) ফোকাল পয়েন্ট আবেদনকারীর নিকট হইতে কোন স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন মনে করিলে বা কোন তথ্য বা দলিলের অসম্পূর্ণতা দেখিলে বা অতিরিক্ত কোন তথ্য বা দলিল আবশ্যক মনে করিলে ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের মাধ্যমে বা, ক্ষেত্রমত, পত্রের মাধ্যমে আবেদনকারীর নিকট হইতে উহা তলব করিতে পারিবেন।

(৫) ফোকাল পয়েন্ট আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে তাহার নিয়ন্ত্রণকারী সংস্থার পরামর্শ গ্রহণ করিতে পারিবেন।

(৬) আবেদনপত্র ও উহার সহিত সংযুক্ত তথ্য বা দলিলাদি পরীক্ষা করিয়া সন্তুষ্ট হইলে ফোকাল পয়েন্ট চাহিত সেবা অনুমোদনপূর্বক ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের মাধ্যমে বা, ক্ষেত্রমত, পত্রের মাধ্যমে আবেদনকারীকে অনুমতিপত্র প্রেরণ করিবেন।

(৭) আবেদনপত্র ও উহার সহিত সংযুক্ত তথ্য, দলিল বা কাগজাদি পরীক্ষা করিয়া সন্তুষ্ট না হইলে ফোকাল পয়েন্ট কারণ উল্লেখপূর্বক আবেদনটি নামঞ্জুর করিতে পারিবেন এবং উহা আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে অবহিত করিবেন।

(৮) উপ-বিধি (৭) এর অধীন কোন আবেদন নামঞ্জুর করা হইলে, সংশ্লিষ্ট আবেদনকারী নামঞ্জুর আদেশ প্রাপ্তির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে পুনঃবিবেচনার আবেদন করিতে পারিবেন।

(৯) পুনঃবিবেচনার আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে নির্ধারিত সময় ও স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর অনুসরণ করিতে হইবে।

(১০) কোন আবেদনকারী কেবল তাহার মূল আবেদনপত্র বা পুনঃবিবেচনার আবেদন খারিজ হইবার কারণে নতুন করিয়া আবেদনপত্র দাখিল করা হইতে বারিত হইবেন না।

৬। **ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল স্থাপন।**—ওয়ান স্টপ সার্ভিস প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ নিজস্ব অটোমেশন পদ্ধতিতে ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল স্থাপন করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক উক্তরূপ পোর্টাল স্থাপিত না হওয়া পর্যন্ত অন্য কোন প্রতিষ্ঠানের নিকট হইতে উক্ত সুবিধা গ্রহণ করা যাইবে এবং এইক্ষেত্রে প্রদত্ত সেবার বিপরীতে আবেদনকারীর নিকট হইতে ব্যয় নির্বাহ করা যাইবে।

৭। **আবেদন ফরমসহ অন্যান্য ফরম সহজলভ্যকরণ এবং তথ্য প্রদর্শন।**—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ আবেদনপত্রের ফরমসহ অন্যান্য ফরম প্রণয়ন করিবে ও উহাদের সহজলভ্যতা নিশ্চিত করিবে।

(২) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র সকলের দৃষ্টিগ্রাহ্য হয় এইরূপ কোন স্থান এবং ওয়ান স্টপ সার্ভিস পোর্টালে ওয়ান স্টপ সার্ভিস সংক্রান্ত সকল গুরুত্বপূর্ণ তথ্য প্রদর্শন করিবার ব্যবস্থা গ্রহণ করিবে।

(৩) ওয়ান স্টপ সার্ভিসে সংযুক্ত সকল প্রতিষ্ঠান নিয়মিতভাবে আবেদন ফরম এবং অন্যান্য তথ্য হালনাগাদ করিবে এবং সার্বক্ষণিক অনলাইন সার্ভার চালু রাখিবার ব্যবস্থা করিবে।

৮। **ওয়ান স্টপ সার্ভিস সুবিধা গ্রহণের আবেদনপত্র দাখিল ও প্রক্রিয়াকরণ।**—(১) ওয়ান স্টপ সার্ভিসের সুবিধা গ্রহণ করিতে ইচ্ছুক প্রত্যেক আবেদনকারীকে ওয়ান স্টপ সার্ভিস পোর্টালে নিবন্ধনপূর্বক লগ ইন করিয়া আবেদনপত্র দাখিল করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, কোন কারণে ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের মাধ্যমে আবেদনপত্র দাখিল করা সম্ভব না হইলে ম্যানুয়ালি আবেদনপত্র দাখিল করা যাইবে।

(২) আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট সকল তথ্য, দলিল ও ফি (যদি থাকে), দাখিল করিতে হইবে।

(৩) আবেদনপত্রের সহিত দাখিলকৃত দলিলাদি ও প্রদত্ত তথ্য সঠিক মর্মে আবেদনকারীকে অঙ্গীকার করিতে হইবে।

(৪) সেবা গ্রহণের জন্য আবেদনকারীকে সেবার বিপরীতে ধার্য্যকৃত ফি ইলেকট্রনিক পদ্ধতিতে জমা প্রদান করিতে হইবে এবং উক্ত ফি জমার তথ্যসমূহ আবেদনপত্রের ফরমে উল্লেখ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, ইলেকট্রনিক পদ্ধতিতে ফি প্রদানের ব্যবস্থা না থাকিলে অথবা ইলেকট্রনিক পদ্ধতিতে ফি প্রদান করা সম্ভব না হইলে কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র কর্তৃক সুপারিশকৃত পদ্ধতিতে ফি প্রদান করা যাইবে।

(৫) তফসিলের কলাম (৪)-এ বর্ণিত সময়সীমার মধ্যে কোন আবেদন নিষ্পত্তি করা না হইলে, অনলাইন আবেদনের ক্ষেত্রে তফসিলের কলাম (৩)-এ বর্ণিত সেবা প্রদানকারী সংস্থার প্রধানের নিকট উহা স্বয়ংক্রীয় পদ্ধতিতে প্রেরিত হইবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা প্রধানের নিকট অগ্রায়ন হওয়ার ৬ ঘন্টা পূর্বে (অফিস চলাকালীন সময়ে) মোবাইলে এসএমএস ও ইমেইলের মাধ্যম সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে বিষয়টি অবহিত করা হইবে এবং প্রতিটি আবেদনপত্র জমাদানের তারিখ ব্যতিরেকে পরবর্তী কর্মদিবস হইতে আবেদনপত্র প্রক্রিয়াকরণের সময় গণনা করা হইবে।

৯। **ওয়ান স্টপ সার্ভিস হেল্প ডেস্ক।**—(১) ওয়ান স্টপ সার্ভিস প্রদান বিষয়ক তথ্যাদি ও পরামর্শ প্রদানের লক্ষ্যে কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র ওয়ান স্টপ সার্ভিস হেল্প ডেস্ক স্থাপন করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, ওয়ান স্টপ সার্ভিস হেল্প ডেস্ক উক্তরূপ কার্যক্রম পরিচালনা সক্ষমতা অর্জন না করা পর্যন্ত বেসরকারি প্রতিষ্ঠানের নিকট হইতে হেল্প ডেস্ক পরিচালনার সহযোগিতা গ্রহণ করা যাইবে।

(২) ওয়ান স্টপ সার্ভিস হেল্প ডেস্ক কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র কর্তৃক, সময় সময়, নির্ধারিত দায়িত্ব পালন করবে।

১০। **সভা।**—(১) কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ বা আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র, সময় সময়, সভা আহ্বান করিয়া আবেদনপত্রসমূহের হাল নাগাদ অবস্থা পর্যালোচনা করিবে এবং দ্রুত কার্যক্রম গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, কর্তৃপক্ষ বা আঞ্চলিক ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র প্রধান যেকোন সময়ে সভা আহ্বান করিতে পারিবেন।

(৩) সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।

**ব্যাখ্যা।**—এই বিধির উদ্দেশ্যে পূরণকল্পে "সভা" অর্থে ভিডিও কনফারেন্সিং বা অন্য কোন ডিজিটাল মাধ্যমে অনুষ্ঠিত সভা অন্তর্ভুক্ত হইবে।

১১। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল**

**(বিধি ২ এর দফা (২) দ্রষ্টব্য)**

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদানকারী সংস্থা | নির্ধারিত সময় (কর্মদিবস) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | ট্রেড লাইসেন্স | সিটি কর্পোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদ | ০১ |
| ২ | **কোম্পানি নিবন্ধন** | | |
| | (ক) নামের ছাড়পত্র | যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয় | ০১ |
| | (খ) সার্টিফিকেট অব ইনকর্পোরেশন | | ০১ |
| | (গ) সার্টিফিকেট অব কমেন্সমেন্ট অব বিজনেস | | ০১ |
| | (ঘ) আর্টিক্যালস অব এসোসিয়েশন অনুমোদন | | ০৩ |
| | (ঙ) মেমোরেন্ডাম অব এসোসিয়েশন অনুমোদন | | ০৩ |
| | (চ) শেয়ার ট্রান্সফার | | ০৭ |
| | (ছ) মেমোরেন্ডাম/আর্টিক্যালস অব এসোসিয়েশন সংশোধনী | | ০৭ |
| | (জ) পরিচালক পরিবর্তন | | ০৭ |
| | (ঝ) অনুমোদিত মূলধন বৃদ্ধি করা | | ০৩ |
| ৩ | **ভূমি ক্রয়ের নিবন্ধন** | | |
| | (ক) ভূমি ক্রয় দলিল/ইজারা চুক্তিনামা রেজিস্ট্রেশন/বায়না দলিল/ভূমি সংক্রান্ত আমমোক্তারনামা নিবন্ধন | নিবন্ধন পরিদপ্তর ও সংশ্লিষ্ট সকল সাবরেজিস্ট্রি অফিস | ০১ |
| | (খ) নিবন্ধিত দলিলের নকল সরবরাহ | | ০৩ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৪ | **নামজারী ও জমা খারিজ** | সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস | ২৮ |
| ৫ | **বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের সেবাসমূহ** | | |
| | (ক) শিল্প রেজিস্ট্রেশন | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ | ০১ |
| | (খ) ব্রাঞ্চ, লিঁয়াজো ও বাণিজ্যিক অফিস স্থাপনের অনুমতিপত্র প্রদান | | ১৫ |
| | (গ) নিবাসী/অনিবাসী ভিসা/ভিসা অন এরাইভাল সুপারিশ (শিল্প) | | ০১ |
| | (ঘ) নিবাসী/অনিবাসী ভিসা সুপারিশ (বাণিজ্যিক) | | ০১ |
| | (ঙ) নতুন কর্মানুমতিপত্র প্রদান (শিল্প) | | ০৩ |
| | (চ) নতুন কর্মানুমতিপত্র প্রদান (বাণিজ্যিক) | | ১৬ |
| | (ছ) কর্মানুমতিপত্র নবায়ন (শিল্প) | | ০৩ |
| | (জ) কর্মানুমতিপত্র নবায়ন (বাণিজ্যিক) | | ১৬ |
| | (ঝ) শিল্প আইআরসি সুপারিশ প্রদান | | ১০ |
| | (ঞ) ইম্পোর্ট পারমিটের সুপারিশ প্রদান | | ০১ |
| | (ট) মূলধনী যন্ত্রপাতি আমদানির সনদ প্রদান | | ০১ |
| | (ঠ) নিয়ন্ত্রিত পণ্য আমদানির সুপারিশ | | ০১ |
| | (ড) নিবন্ধনপত্র সংশোধনী প্রদান | | ০১ |
| | (ঢ) ফরেন রেমিট্যান্স প্রদানের অনুমতি দান | | ০৭ |
| ৬ | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সুপারিশকৃত বিভিন্ন শ্রেণির ভিসা প্রদান | বাংলাদেশ দূতাবাসসমূহ, পররাষ্ট্র মন্ত্রণালয় | ০৭ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৭ | **নিবাসী অনিবাসী ভিসার মেয়াদ বর্ধিতকরণ** | | |
| | (ক) ই ভিসার মেয়াদ বর্ধিতকরণ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ০৭ |
| | (খ) ই১ ভিসার মেয়াদ বর্ধিতকরণ | | ০৭ |
| | (গ) পিআই ভিসার মেয়াদ বর্ধিতকরণ | | ০৭ |
| | (ঘ) এ৩ ভিসার মেয়াদ বর্ধিতকরণ | | ০৭ |
| ৮ | **ভিসা শ্রেণি পরিবর্তন ও মেয়াদ বর্ধিতকরণ এবং নিরাপত্তা ছাড়পত্র** | | |
| | শ্রেণি পরিবর্তনসহ ভিসার মেয়াদ বৃদ্ধিকরণ (বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের সুপারিশ/সিকিউরিটি ক্লিয়ারেন্স/এসবির প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ০৭ |
| | ভিসার জন্য স্পেশাল ব্রাঞ্চ (এসবি)'র প্রতিবেদন দাখিল | স্পেশাল ব্রাঞ্চ (এসবি), বাংলাদেশ পুলিশ | ২১ |
| | নিরাপত্তা ছাড়পত্রের জন্য এসবি-এর প্রতিবেদন দাখিল | | ৩০ |
| | নিরাপত্তা ছাড়পত্রের জন্য এনএসআই-এর প্রতিবেদন দাখিল | এনএসআই | ৩০ |
| | ভিসা/ওয়ার্ক পারমিট নবায়নের জন্য সিকিউরিটি ক্লিয়ারেন্স ইস্যুকরণ (প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ০৩ |
| ৯ | **বাণিজ্য মন্ত্রণালয় এবং তার আওতাধীন প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সেবাসমূহ** | | |
| | (ক) শিল্প আইআরসি প্রদান | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর | ০৩ |
| | (খ) নমুনা আমদানি/রপ্তানি অনুমতি | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর | ০৩ |

| (১) | (২) | | (৩) | (৪) |
|---|---|---|---|---|
| | (গ) নিয়ন্ত্রিত পণ্য আমদানি অনুমতি (পোষকের সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) | | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর | ০৩ |
| ১০ | ভূমি অধিগ্রহণ | | (ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ<br>(খ) জেলা প্রশাসকের কার্যালয়<br>(গ) ভূমি মন্ত্রণালয় | (ক) ০১<br>(খ) ৯০<br>(গ) ৬০ |
| ১১ | **পরিবেশ ছাড়পত্র** | | | |
| | সবুজ | পরিবেশগত | পরিবেশ অধিদপ্তর | ০৭ |
| | কমলা-ক | পরিবেশগত | | ০৭ |
| | | অবস্থানগত | | ১৫ |
| | কমলা-খ | পরিবেশগত | | ২০ |
| | | অবস্থানগত | | ২১ |
| | লাল | পরিবেশগত | | ৩০ |
| | | অবস্থানগত | | ৪৫ |
| | | ইআইএ অনুমোদন | | ৩০ |
| ১২ | **পরিবেশ ছাড়পত্র নবায়ন** | | | |
| | সবুজ | পরিবেশগত | পরিবেশ অধিদপ্তর | ০৭ |
| | কমলা-ক | পরিবেশগত | | ০৭ |
| | কমলা-খ | পরিবেশগত | | ২০ |
| | লাল | পরিবেশগত | | ৩০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১৩ | **ভবন নির্মাণ** | | |
| | (ক) ভূমি ব্যবহারের ছাড়পত্র | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ | ১৫ |
| | (খ) বিশেষ প্রকল্প ছাড়পত্র প্রদান | | ১৫ |
| | (গ) সরেজমিন পরিদর্শন | | ০৩ |
| | (ঘ) ইমারত নির্মাণ অনুমোদন | | ২০ |
| | (ঙ) বসবাস বা ব্যবহার সনদ | | ০৭ |
| ১৪ | **বৈদ্যুতিক সংযোগ** | | |
| | (ক) কারিগরি তদন্ত ও জরিপ কাজ সম্পন্ন | বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহ | ০৫ |
| | (খ) লোড বরাদ্দ | | ১০ |
| | (গ) ডিমান্ড নোট ইস্যু | | ০২ |
| | (ঘ) টাকা জমাদান | | ০৪ |
| | (ঙ) মিটার সরবরাহ ও বিদ্যুৎ সংযোগ | | ০৭ |
| ১৫ | গ্যাস সংযোগ অনুমোদন প্রদান | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন গ্যাস বিতরণকারী সংস্থাসমূহ | ৩০ |
| ১৬ | পানি সংযোগ ও পয়ঃনিষ্কাশন | সংশ্লিষ্ট অঞ্চলের ওয়াসা, সিটি কর্পোরেশন ও পৌরসভা | ০৭ |
| ১৭ | টেলিফোন ও ইন্টারনেট সংযোগ | বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিঃ | ০৩ |
| ১৮ | **অগ্নিনিরোধ সংক্রান্ত সেবা ও ছাড়পত্র** | | |
| | (ক) অগ্নি নিরাপত্তা পরিকল্পনা অনুমোদন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৩০ |
| | (খ) অগ্নি নিরাপত্তা লাইসেন্স অনুমোদন (চূড়ান্ত পরিদর্শনসহ) | | ২১ |
| | (গ) অগ্নি নিরাপত্তা লাইসেন্স নবায়ন | | ১৫ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১৯ | **বিস্ফোরক লাইসেন্স** | | |
| | (ক) বিস্ফোরক লাইসেন্স ইস্যুকরণ | বিস্ফোরক অধিদপ্তর | ২১ |
| | (খ) বিস্ফোরক লাইসেন্স নবায়ন | | ২১ |
| ২০ | **কারখানার লাইসেন্স** | | |
| | (ক) লাইসেন্স প্রদান | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | ১৫ |
| | (খ) কলকারখানা মেশিন লেআউট প্ল্যান অনুমোদন | | ১০ |
| | (গ) লাইসেন্স নবায়ন ও সংশোধন | | ১০ |
| ২১ | **বয়লার স্থাপন** | | |
| | (ক) বয়লার আমদানির অনাপত্তি সনদ | প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | ০৩ |
| | (খ) বয়লার নিবন্ধন ও সনদ ইস্যুকরণ | | ১৪ |
| | (গ) বয়লার সনদপত্র নবায়ন (পরিদর্শনসহ) | | ২১ |
| | (ঘ) মালিকানা পরিবর্তন (নাম/ঠিকানা) | | ১৫ |
| ২২ | **জাতীয় রাজস্ব বোর্ড সংক্রান্ত** | | |
| | (ক) টিআইএন রেজিস্ট্রেশন | জাতীয় রাজস্ব বোর্ড | ০১ |
| | (খ) ভ্যাট রেজিস্ট্রেশন | | ০১ |
| | (গ) বিজনেস আইডিন্টিফিকেশন নাম্বার | | ০১ |
| | (ঘ) বন্ড লাইসেন্স | | ১৫ |
| | (ঙ) কাস্টম সংক্রান্ত ছাড়পত্র | | ০১ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | (চ) শুল্ক/কর প্রত্যার্পন | | ১৫ |
| | (ছ) ইউটিলাইজেশন পারমিট (ইউপি) | | ০৩ |
| ২৩ | **সার্টিফিকেট অব অরিজিন** | বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো, চেম্বার অব কমার্স | ০২<br>০২ |
| ২৪ | **ইউটিলাইজেশন ডিক্লারেশন** | বিজিএমইএ | ০২ |
| ২৫ | **মার্ক লাইসেন্স ইস্যুকরণ (পরিদর্শনসহ)** | বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন, শিল্প মন্ত্রণালয় | ২২ |
| ২৬ | **বাংলাদেশ ব্যাংকের সেবাসমূহ** | | |
| | (ক) বিডা'য় রেজিস্ট্রেশনপ্রাপ্ত বেসরকারি শিল্প প্রকল্প কর্তৃক Off-Shore Banking Unit (OBU) হতে বৈদেশিক মুদ্রায় মেয়াদী ঋণ গ্রহণের অনুমতি; | বাংলাদেশ ব্যাংক | ১৫ |
| | (খ) Stock Exchange-এ অ-তালিকাভুক্ত কোম্পানিতে নিবাসী হতে অনিবাসী, অনিবাসী হতে নিবাসী এবং অনিবাসী হতে অনিবাসীর অনুকূলে শেয়ার ইস্যু/ হস্তান্তর সংক্রান্ত বিষয় অবহিতকরণ; | | ১০ |
| | (গ) প্রফিট ও ডিভিডেন্ড প্রত্যাবসন | | ১০ |
| | (ঘ) সাধারণ প্রাধিকার বহির্ভূত কনসাল্ট্যান্সি ফী প্রেরণ সংক্রান্ত অনুমতি। | | ০৭ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | (ঙ) Stock Exchange-এ অ-তালিকাভুক্ত কোম্পানিতে অনিবাসী কর্তৃক ধারণকৃত শেয়ার নিবাসীর নিকট বিক্রয়ের ফলে প্রাপ্ত বিক্রয়লব্ধ অর্থ এবং কোম্পানি অবলুপ্তির ক্ষেত্রে আনুপাতিক হারে অবশিষ্ট অর্থ বিদেশে প্রত্যাবর্তন; | | ১৫ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউল হক**
পরিচালক।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd